শাকিব খানের প্রতি শ্রদ্ধা জানিয়ে সিয়াম আহমেদ

written by Chandradip News24 | December 20, 2024

বাংলাদেশের জনপ্রিয় অভিনেতা সিয়াম আহমেদ, যিনি নাটক ও চলচ্চিত্রে নিজের প্রতিভা দিয়ে অগণিত দর্শকের হৃদয় জয় করেছেন। ২০১৮ সালে “পোড়ামন ২” সিনেমার মাধ্যমে চলচ্চিত্রে আত্মপ্রকাশের পর তিনি মেরিল-প্রথম আলো পুরস্কার জিতে নেন। সম্প্রতি রাজধানীর এক অনুষ্ঠানে সিয়াম তার অভিনয়জীবন এবং বাংলাদেশের চলচ্চিত্র শিল্প নিয়ে নিজের অভিব্যক্তি প্রকাশ করেছেন।

অনুষ্ঠানে সিয়াম বলেন, “আমি যে ইন্ডাস্ট্রিতে কাজ করি, আমাদের সবার অভিভাবক শাকিব ভাইয়া। আমরা অনেক সময় কথায় কথায় শাকিব ভাইয়াকে জড়িয়ে ফেলি।” তিনি আরও বলেন, “শাকিব খান সিনেমাকে যেভাবে নিজের মনে করেন, এমন পরিচালক ও প্রযোজক দরকার যারা সিনেমার প্রতি একই রকম দায়বদ্ধ।”

সিয়ামের মতে, “ঈদে হাইপ তৈরি করা ছবিগুলো আসা আমাদের ইন্ডাস্ট্রির জন্য ইতিবাচক। বিশেষ করে শাকিব ভাইয়ার ছবি এবং

অন্যদের ছবি যখন একসঙ্গে মুক্তি পায়, তখন দর্শকরা আরও বেশি উৎসাহিত হয়।”

দর্শকদের প্রতি নিজের ভালোবাসা প্রকাশ করে সিয়াম বলেন, “এই ঈদে আপনাদের দোয়া ও ভালোবাসায় একটি মেগা ব্লকবাস্টার আসছে। সবাইকে বড়ভাই শাকিব ভাইয়ার জন্য আলাদা শুভকামনা জানাতে হবে। এটি তার প্রাপ্য।”

মো: আল-আমিন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম